

স্মারক নং- ০৫.৪৩.৮১৯৪.০০০.১২.০০৫.২৪- ২৭/১০

তারিখ :

২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
১২ মার্চ ২০২৪ খ্রিঃ


**রাজশাহী জেলাধীন তানোর উপজেলার ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি  
জলমহাল/খাসপুকুর সমূহের ইজারা বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের (সায়রাত-১ অধিশাখা) ২৫/০২/২০২৪ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০১.২৪.৩৬১ নং স্মারকে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর অনূচ্ছেদ ৫ ও ৬ এবং সংশ্লিষ্ট অন্যান্য অনূচ্ছেদ মোতাবেক ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল (পুকুর) ২য় পর্যায়ে ইজারার জন্য ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করা হয়েছে। এরই প্রেক্ষিতে রাজশাহী জেলার তানোর উপজেলার ৩৩৬ (তিনশত ছত্রিশ) টি বদ্ধ সরকারি জলমহাল ১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক ম্যানুয়াল পদ্ধতিতে ইজারার আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে তানোর উপজেলা থেকে সাধারণ আবেদনে সরকারি জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calendar Year) মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

ক্র নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	১০ মার্চ থেকে ১২ মার্চের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ইজারার আবেদন আহবান।
২.	১৩ মার্চ থেকে ২৪ মার্চের মধ্যে	জেলা প্রশাসক, রাজশাহী (এস.এ শাখা) মহোদয়ের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি), তানোর, রাজশাহী এর কার্যালয় হতে ৫০০/- টাকায় (অফেরৎযোগ্য) দরপত্র/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল। দরপত্র/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলীসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরণ প্রযোজ্য হবে।
৩.	২৫ মার্চ থেকে ২৭ মার্চের মধ্যে	ম্যানুয়াল পদ্ধতিতে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
৪.	২৮ মার্চের মধ্যে	ম্যানুয়াল পদ্ধতিতে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।
৫.	০২ এপ্রিলের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
৬.	০৩ এপ্রিলের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
৭.	০৪ এপ্রিলের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাহীতাকে অবহিতকরণ।
৮.	০৯ এপ্রিলের মধ্যে	ইজারাহীতাকে কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন।
৯.	১৪ এপ্রিলের মধ্যে অর্থাৎ ১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

উল্লেখ্য যে, ইজারা বিজ্ঞপ্তি এবং জলমহালের তালিকা সংশ্লিষ্ট ওয়েবসাইটে ([tanore.rajshahi.gov.bd](http://tanore.rajshahi.gov.bd)) পাওয়া যাবে।

আরও উল্লেখ্য, বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(মোঃ মোস্তাফিজুর রহমান)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।  
তানোর, রাজশাহী।

ফোন নং- ০২৪৭৮৫১০০২

email: [unotanore@mopa.gov.bd](mailto:unotanore@mopa.gov.bd)

স্মারক নং- ০৫.৪৩.৮১৯৪.০০০.১২.০০৫.২৪- ১৭/৩ (৪৫)

তারিখ :

২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
১২ মার্চ ২০২৪ খ্রিঃ

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে

- ১। মাননীয় সংসদ সদস্য, ৫২ রাজশাহী-১ (সোদাগাড়ী-তানোর) ও উপদেষ্টা-১, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, তানোর, রাজশাহী।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৩। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা-২, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, তানোর, রাজশাহী।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), রাজশাহী।
- ৭। মেয়র, তানোর/মুন্ডুমালা পৌরসভা, তানোর, রাজশাহী।

অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ৮। সহকারী কমিশনার (ভূমি), তানোর, রাজশাহী।
- ৯। উপজেলা.....কর্মকর্তা, তানোর, রাজশাহী।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। [বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
- ১১। চেয়ারম্যান ..... ইউ,পি (সকল), তানোর, রাজশাহী। [ তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নধীন হাট-বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।]
- ১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..... ইউনিয়ন ভূমি অফিস, তানোর/মুন্ডুমালা/কামারগাঁ, রাজশাহী।  
[তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর তহশিলের আওতাধীন হাট-বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারান্তে জারীর কপি দরপত্র দাখিলের পূর্বেই নিম্নস্বাক্ষরকারীর অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।]
- ১৩। সভাপতি/সম্পাদক.....মৎস্যজীবী সমবায় সমিতি, তানোর, রাজশাহী।
- ১৪। নোটিশ বোর্ড (সকল), তানোর, রাজশাহী।
- ১৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ....., রাজশাহী। তাঁকে উল্লিখিত  
বিজ্ঞাপনটি তার পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প(ন্যূনতম) পরিসরে এক দিনের জন্য প্রচারের নিমিত্ত অনুরোধ করা হলো।
- ১৬। অফিস কপি।

১২.০৬.২৪  
(মোঃ মোস্তাফিজুর রহমান)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও

আহবায়ক  
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।  
তানোর, রাজশাহী।

ফোন নং- ০২৪৭-৮৫১০০২

email: unotanore@mopa.gov.bd